**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 23-05-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Rising North East Investors Summit:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লির ভারত মন্ডপমে রাইজিং নর্থ ইস্ট ইনভেসটর্স সামিটের উদ্বোধন করবেন। উত্তর-পূর্বাঞ্চলের রাজ্যগুলিতে বিনিয়োগকারীদের আকৃষ্ট করতে কি কি নীতি গ্রহণ করা হয়েছে এবং ওই রাজ্যগুলির নতুন নতুন স্টার্টআপ সম্পর্কে প্রয়োজনীয় তথ্যও এই সম্মেলনে তুলে ধরা হবে।

শীর্ষ সম্মেলনে পর্যটন, আতিথেয়তা, খাদ্য প্রক্রিয়াকরণ ও অনুসারী শিল্প বস্ত্র, হস্তশিল্প, স্বাস্থ্য, শিক্ষা, দক্ষতা বিকাশ, তথ্য প্রযুক্তি, পরিকাঠামো, পণ্য পরিবহন, বিদ্যুৎ, বিনোদন এবং খেলাধূলা সহ বিভিন্ন ক্ষেত্রে প্রয়োজনীয় তথ্য বিনিয়োগকারীদের কাছে উপস্থাপিত করা হবে।

*************************

**New out post :**

তেলিয়ামুড়া ও কল্যানপুরে দুটি নতুন পুলিশ ফাঁড়ি স্থাপন করার অনুমোদন দিয়েছে স্বরাষ্ট্র দপ্তর। জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা জানিয়েছেন, এই দুটি ফাঁড়ি তেলিয়ামুড়া থানার অধীনে কৃষ্ণপুরে এবং কল্যাণপুর থানার অধীনে উত্তর মহারাণীপুর ফাঁড়ি স্থাপন করা হবে।

*************************

**Ratanlal Nath:**

কৃষিমন্ত্রী রতন লাল নাথ আজ দুর্গাবাড়ি চা বাগান শ্রমিক সমবায় সমিতি লিমিটেড-এর নতুন চা বিক্রয় কেন্দ্র এবং আধুনিক চা প্যাকেট বাজারজাতকরণ প্রক্রিয়ার উদ্বোধন করবেন। উপস্থিত থাকবেন সমবায় মন্ত্রী শুক্লা চরন নোয়াতিয়া।

**************************

**Operation Sindoor :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, অপারেশন সিন্দুরের মাধ্যমে সন্ত্রাসীদের ঘাঁটি ধ্বংস করে ভারত পাকিস্তানকে উপযুক্ত জবাব দিয়েছে। তিনি বলেছেন সরকার সশস্ত্র বাহিনীকে পদক্ষেপ নেওয়ার স্বাধীনতা দেয়ার ফলে তিনটি বাহিনী কৌশলগতভাবে পাকিস্তানকে নতজানু হতে বাধ্য করেছে। প্রধানমন্ত্রী বলেন পাকিস্তান কখনই ভারতের সঙ্গে সরাসরি যুদ্ধে জিততে পারে না এবং সেই কারণেই তারা সন্ত্রাসবাদকে উৎসাহিত করে ছায়া যুদ্ধে জড়িত। গতকাল রাজস্থানের বিকানেরে এক জনসভায় ভাষণ দেওয়ার সময় শ্রী মোদী একথা বলেন।

**************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৫শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১২২তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন আজ পর্যন্ত খোলা থাকবে।

এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

*************************

## 4% reservation for PWD:

সরকার দিব্যাঙ্গ ব্যক্তিদের জন্য কেন্দ্রীয় সরকারি আবাসন বরাদ্দে চার শতাংশ সংরক্ষণ ঘোষণা করেছে, যা জনসেবায় সমতা, মর্যাদা এবং প্রবেশাধিকারের দিকে একটি উল্লেখযোগ্য পদক্ষেপ। গৃহায়ন ও নগরোন্নয়ন মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, দিব্যাঙ্গ ব্যক্তিদের জন্য কেন্দ্রীয় সরকারি আবাসিক আবাসনগুলিতে ন্যায্য প্রবেশাধিকার নিশ্চিত করার জন্য একটি office memorandum জারি করা হয়েছে।

*************************

## WORLD TURTLE DAY:

আজ বিশ্ব কচ্ছপ দিবস। গোমাতি জেলায় আজ সকালে নানা কর্মসূচির মধ্য দিয়ে পালিত হবে এই দিবস। উদয়পুর মাতাবাড়ি কল্যাণ দীঘির উত্তর কোনে ধন্যমানাক্য মুক্ত মঞ্চে অনুষ্ঠিত হবে এক বিশেষ সচেতনতামূলক আলোচনা সভা। এই অনুষ্ঠানের উদ্ভোধন করবেন অর্থ মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। উপস্থিত থাকবেন বনমন্ত্রী অনিমেষ দেববর্মা, বিধায়ক রাম পদ জামাতিয়া, অভিষেক দেবরায় ও জিতেন্দ্র মজুমদার, গোমাতি জিলা পরিষদের সভাধিপতি দেবল দেবরায় প্রমুখ।

*************************

## Tigress with newborn cubs:

রাজ্যের সিপাহিজলা চিড়িয়াখানায় ১২ দিনের নবজাতক শাবকদের সাথে বাঘিনীকে দেখা গেল। তেজল নামের এই বাঘিনীটি ১১ মে তিনটি শাবকের জন্ম

দেয়। গত বছর একটি প্রাণী বিনিময় কর্মসূচির মাধ্যমে পশ্চিমবঙ্গ থেকে সিপাহিজলা চিড়িয়াখানায় এক জোড়া রয়েল বেঙ্গল টাইগার আনা হয়েছিল।

*************************

**Congress Sanmelan :**

অল ত্রিপুরা আনঅর্গানাইজড ওয়ার্কারস কংগ্রেসের রাজ্য সম্মেলন গতকাল আগরতলার সখীচরণ স্কুলে অনুষ্ঠিত হয়েছে। সম্মেলনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন অল ত্রিপুরা আনঅর্গানাইজ ওয়ার্কারস কংগ্রেসের চেয়ারম্যান ডাঃ অদিত রাজ। উপস্থিত ছিলেন প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা, বিধায়ক গোপাল রায়, সংগঠনের রাজ্য সভাপতি সান্তনু পাল প্রমুখ।

*************************

**Football:**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতরাতের খেলায় ইকফাই ফুটবল ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় ইকফাই ফুটবল ক্লাব ৩-১ গোলে ইউনাইটেড বি এস টি'কে পরাজিত করে।

*************************

**Weather:**

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| রাজ্যের কিছু কিছু জায়গায় ৩0 থেকে 40 কিলোমিটার বেগে বজ্র বিদ্যুৎ সহ ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করা হয়েছে| ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫ ডিগ্রি সেলসিয়াস৷ দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকতে পারে ৩৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি|

************************

************************